

সমকাল

এইচএসসির ফল আজ, যেভাবে জানা যাবে

প্রকাশ: ০৮ ফেব্রুয়ারি ২৩ | ০৭:৫৩ | আপডেট: ০৮ ফেব্রুয়ারি ২৩ | ০৭:৫৮

সমকাল প্রতিবেদক



মোবাইল ফোনে রেজাল্ট দেখছেন শিক্ষার্থীরা (ফাইল ফেটে)

উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফল আজ বুধবার প্রকাশ করা হবে।
সকাল সাড়ে ১১টায় সারা দেশের শিক্ষার্থীরা একযোগে পরীক্ষার ফল পাবেন। দুপুর সাড়ে ১২টায়
ঢাকার সেগুন বাগিচায় মাতৃভাষা ইনসিটিউট মিলনায়তনে শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত সংবাদ
সম্মেলনে শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন। এর আগে প্রধানমন্ত্রী শেখ
হাসিনার হাতে সকাল সাড়ে ১০টায় ফলাফল হস্তান্তর করা হবে। এর আগে গত সোমবার আন্তর্শিক্ষা
বোর্ডের সমন্বয়কারী ঢাকা শিক্ষা বোর্ড ফল প্রকাশের অফিস আদেশ জারি করেছে। এতে বলা হয়, ৮
ফেব্রুয়ারি বেলা সাড়ে ১১টায় ‘এইচএসসি পরীক্ষা ২০২২’-এর ফল স্ব-স্ব প্রতিষ্ঠান থেকে ও
অনলাইনে একযোগে প্রকাশিত হবে। স্ব-স্ব প্রতিষ্ঠানের রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।

এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশের জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার কাছে ফের্ডয়ারির ৭, ৮ কিংবা ফের্ডয়ারি ৯—যে কোনো একদিন চাওয়া হয়েছিল। পরীক্ষা শেষ হওয়ার ৬০ দিনের মধ্যে ফলাফল প্রকাশের নিয়ম রয়েছে।

যেভাবে ফল সংগ্রহ করা যাবে

ওয়েবসাইট: [ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েবসাইটে](http://www.dhakaeducationboardresults.gov.bd) (www.dhakaeducationboardresults.gov.bd) রেজাল্ট কর্নারে ক্লিক করে শিক্ষা প্রতিষ্ঠানের ইআইআইএন এন্ট্রি করে প্রতিষ্ঠানভিত্তিক রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।

এছাড়া (www.dhakaeducationboardresults.gov.bd) ওয়েবসাইটে ক্লিক করে রোল ও রেজিস্ট্রেশন নম্বরের মাধ্যমে রেজাল্ট শিট ডাউনলোড করা যাবে।

এসএমএসের মাধ্যমে যেভাবে ফল সংগ্রহ: পরীক্ষার ফল প্রকাশের পর মোবাইল ফোনে এসএমএসের মাধ্যমে ফল সংগ্রহ করা যাবে। মোবাইল ফোনের মেসেজ অপশনে গিয়ে HSC লিখে স্পেস দিয়ে বোর্ডের নামের প্রথম ৩ অক্ষর লিখে স্পেস দিয়ে রোল নম্বর লিখে আবার স্পেস দিয়ে পাসের বছর লিখে পাঠাতে হবে ১৬২২২ নম্বরে।

অর্থাৎ প্রথমে HSC লিখে বোর্ডের নাম (প্রথম তিন অক্ষর), রোল, বছর টাইপ করে করে ১৬২২২ নম্বরে সেন্ড করতে হবে। বোর্ডের নাম পরিবর্তন করে অন্য শিক্ষা বোর্ডগুলোর ফলও এভাবে জানা যাবে।

যেমন—HSC DHA 123456 2022 লিখে পাঠাতে হবে ১৬২২২ নম্বরে। ফিরতি এসএমএসে জানা যাবে ফলাফল।

© সমকাল ২০০৫ - ২০২৩

ভারপ্রাপ্ত সম্পাদক : মোজাম্বেল হোসেন | প্রকাশক : আবুল কালাম আজাদ

টাইমস মিডিয়া ভবন (৫ম তলা) | ৩৮৭ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৫৫০২৯৮৩২-৩৮ | বিজ্ঞাপন :
+৮৮০১৭১৪০৮০৩৭৮ | ই-মেইল: samakalad@gmail.com